ঢাকা বিশ্ববিদ্যালয় দিবস উপলক্ষে গত ১ জুলাই ২০১৭ ক্যাম্পাসে এক বর্ণাঢ্য র‍্যালি বের করা হয়। উপাচার্য অধ্যাপক ড. আ আ ম স আরেফিন সিদ্দিক র‍্যালির নেতৃত্ব দেন।

মেরিন ইকো-সিস্টেম বিষয়ক প্রশিক্ষণ কর্মশালা

ঢাকা বিশ্ববিদ্যালয় সমুদ্রবিজ্ঞান বিভাগ এবং পরিবেশ অধিদপ্তরের যৌথ উদ্যোগে "Sustainable Management of Marine Ecosystem & Acidification Monitoring" শীর্ষক ৩-দিন ব্যাপী এক প্রশিক্ষণ কর্মশালা গত ১৩ জুন ২০১৭ সেন্টার ফর এ্যাডভান্সড রিসার্চ ইন সায়েন্সেস ভবনে অনুষ্ঠিত হয়। ঢাকা বিশ্ববিদ্যালয়ের উপাচার্য অধ্যাপক ড. আ আ ম স আরেফিন সিদ্দিক প্রধান অতিথি হিসাবে উপস্থিত থেকে

এই কর্মশালার উদ্বোধন করেন।

পরিবেশ অধিদপ্তরের পরিচালক মো: আলমগীর অনুষ্ঠানে বিশেষ অতিথি হিসাবে উপস্থিত ছিলেন। ঢাকা বিশ্ববিদ্যালয় সমুদ্রবিজ্ঞান বিভাগের চেয়ারম্যান অধ্যাপক ড. মো: কাউসার আহাম্মদ স্বাগত বক্তব্য দেন।

উপাচার্য অধ্যাপক ড. আ আ ম স আরেফিন সিদ্দিক পরিবেশ রক্ষায় ঐক্যবদ্ধভাবে এগিয়ে আসার জন্য বিশ্ব নেতৃবৃন্দের প্রতি আহ্বান জানান। তিনি বলেন, মানবিক অস্তিত্ব টিকিয়ে রাখতে অবশ্যই আমাদের পরিবেশ রক্ষা করতে হবে। তরুণ প্রজন্ম তথা সাধারণ মানুষের মাঝে পরিবেশ বিষয়ে সচেতনতা সৃষ্টির ওপর গুরুত্বারোপ করে তিনি বলেন এ ক্ষেত্রে তৃণমূল পর্যায়ের তরুণ কর্মকর্তাদের মূল ভূমিকা পালন করতে হবে।

উল্লেখ্য, পরিবেশ অধিদপ্তরের ২৫জন তরুণ কর্মকর্তা এই প্রশিক্ষণ কর্মশালায় অংশগ্রহণ করছেন।

নতুন প্রজন্মকে সুনাগরিক হিসাবে গড়ে তুলতে প্রাথমিক শিক্ষাকে সর্বোচ্চ গুরুত্ব দিতে হবে - উপাচার্য

উপাচার্য অধ্যাপক ড. আ আ ম স আরেফিন সিদ্দিক নতুন প্রজন্মকে সুনাগরিক হিসাবে গড়ে তুলতে প্রাথমিক শিক্ষাকে সর্বোচ্চ গুরুত্ব প্রদানের আহ্বান জানিয়ে বলেছেন, প্রাথমিক শিক্ষার ভিত মজবুত করতে না পারলে উচ্চশিক্ষা ক্ষেত্রে কাঙ্ক্ষিত সফলতা অর্জন সম্ভব নয়। গত ২৪ মে ২০১৭ ইনস্টিটিউট ভবনে ঢাকা বিশ্ববিদ্যালয় শিক্ষা ও গবেষণা ইনস্টিটিউট আয়োজিত "Effective Implementation of Program" শীর্ষক দুইদিন ব্যাপী কর্মশালার উদ্বোধনী অনুষ্ঠানে প্রধান অতিথির বক্তব্যে তিনি এ কথা বলেন। প্রাথমিক শিক্ষার গুণগত মান উন্নয়নের লক্ষ্যে এই কর্মশালার আয়োজন করা হয়েছে।

শিক্ষা ও গবেষণা ইনস্টিটিউটের পরিচালক অধ্যাপক হোসনে আরা বেগমের সভাপতিত্বে কর্মশালায় স্বাগত বক্তব্য দেন কর্মশালার সমন্বয়কারী অধ্যাপক ড. শারমিন হক।

উপাচার্য অধ্যাপক ড. আ আ ম স আরেফিন সিদ্দিক শিশুদের কাছে শিক্ষাকে আকর্ষণীয়ভাবে উপস্থাপনের ওপর গুরুত্বারোপ করে বলেন, লেখাপড়ায় তাদের আগ্রহী করে তুলতে পাঠদান পদ্ধতির আধুনিকায়ন করতে হবে। এ ক্ষেত্রে দায়িত্বশীল ভূমিকা পালনের জন্য তিনি প্রাথমিক শিক্ষকদের প্রতি আহ্বান জানান। তিনি বলেন, সব শিশুর মাঝেই অপার সম্ভাবনা ও প্রতিভা রয়েছে। সঠিক পরিচর্যার মাধ্যমে তাদের প্রতিভা বিকাশের সুযোগ করে দিতে হবে। জিপিএ-৫ অর্জনের দৌড়ে তাদের সততা, দেশপ্রেম ও মূল্যবোধ যেন হারিয়ে না যায়- সেদিকে খেয়াল রাখতে হবে। তিনি শিক্ষার্থীদের সঙ্গে কার্যকর, অর্থবহ ও নিবিড় যোগাযোগ স্থাপনের জন্য শিক্ষকদের প্রতি আহ্বান জানান। তিনি বলেন, প্রাথমিক শিক্ষার গুরুত্ব উপলব্ধি করে জাতির জনক বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান স্বাধীনতার পরপরই এই শিক্ষাকে জাতীয়করণ করেছিলেন। সে সময় গঠিত ড. কুদরাত-এ-খুদা শিক্ষা কমিশন শিক্ষা বাজেটের ৬৫ভাগ প্রাথমিক শিক্ষা খাতে বরাদ্দের প্রস্তাব করেছিল।

উল্লেখ্য, বাংলাদেশের বিভিন্ন পিটিআই থেকে অর্ধশতাধিক প্রশিক্ষক এই কর্মশালায় অংশগ্রহণ করেন।

আজফার আলম ট্রাস্ট ফান্ডের মূলধন বৃদ্ধির জন্য ১০ লক্ষ টাকা প্রদান

ঢাকা বিশ্ববিদ্যালয়ে প্রতিষ্ঠিত 'আজফার আলম স্মৃতি ট্রাস্ট ফান্ড'-এর মূলধন বৃদ্ধির জন্য ট্রাস্ট ফান্ড দাতার নিকট আত্মীয় রেজাউল করিম খন্দকার ১০ লক্ষ টাকার একটি চেক গত ১৮ জুন ২০১৭ ঢাকা বিশ্ববিদ্যালয়ের কোষাধ্যক্ষ অধ্যাপক ড. মো: কামাল উদ্দীনের কাছে হস্তান্তর করেন। উল্লেখ্য, এই ট্রাস্ট ফান্ড গঠনের লক্ষ্যে প্রয়াত আজফার আলমের মা গুলশান আরা আলম ইতোপূর্বে ১৫ লাখ টাকার একটি চেক ঢাকা বিশ্ববিদ্যালয়কে প্রদান করেন।

উপাচার্য দফতরে আয়োজিত এই চেক হস্তান্তর অনুষ্ঠানে উপাচার্য অধ্যাপক ড. আ আ ম স আরেফিন সিদ্দিক, সামাজিক বিজ্ঞান অনুষদের ডিন অধ্যাপক

ফরিদ উদ্দিন আহমেদ, রোবোটিক্স এন্ড মেকাট্রনিক্স ইঞ্জিনিয়ারিং বিভাগের চেয়ারপার্সন লাফিফা জামাল এবং ভারপ্রাপ্ত রেজিস্ট্রার মো: এনামউজ্জামান উপস্থিত ছিলেন।

এই ট্রাস্ট ফান্ডের আয় থেকে প্রতিবছর ঢাকা বিশ্ববিদ্যালয় রোবোটিক্স এন্ড মেকাট্রনিক্স ইঞ্জিনিয়ারিং বিভাগের বিএস সম্মান পরীক্ষায় সর্বোচ্চ সিজিপিএ প্রাপ্ত শিক্ষার্থীকে 'আজফার আলম স্মৃতি স্বর্ণপদক' প্রদান করা হবে। এছাড়া, কম্পিউটার সায়েন্স এন্ড ইঞ্জিনিয়ারিং বিভাগের কয়েকজন অসচ্ছল ও মেধাবী শিক্ষার্থীকে বৃত্তি দেওয়া হবে।

উপাচার্য অধ্যাপক ড. আ আ ম স আরেফিন সিদ্দিক এই অনুদানের জন্য দাতাকে ধন্যবাদ জানান। তিনি প্রয়াত আজফার আলমের স্মৃতির প্রতিও গভীর শ্রদ্ধা নিবেদন করেন।

উল্লেখ্য, এ কে এম শাহ আলম এবং গুলশান আরা আলমের একমাত্র ছেলে প্রয়াত আজফার আলম ১৯৯৩ সালের ৫ মার্চ যুক্তরাষ্ট্রের ক্যালিফোর্নিয়ায় জন্মগ্রহণ করেন। তিনি ক্যালিফোর্নিয়া বিশ্ববিদ্যালয় কম্পিউটার সায়েন্স বিভাগের মেধাবী শিক্ষার্থী ছিলেন। লেখাপড়ায় অসাধারণ কৃতিত্বের জন্য তিনি 'ইউএস প্রেসিডেনসিয়াল এ্যাওয়ার্ড' লাভ করেছিলেন। ২০১৫ সালের ১১ জুলাই ক্যালিফোর্নিয়ায় এক মর্মান্তিক দুর্ঘটনায় তিনি মৃত্যুবরণ করেন।

সাত দিনব্যাপী ইন্দো-বাংলা চিত্র প্রদর্শনী

ঢাকা বিশ্ববিদ্যালয় চারুকলা অনুষদের জয়নুল গ্যালারিতে `Integrity of Bengal' শীর্ষক সাত দিনব্যাপী ইন্দো-বাংলা দলীয় চিত্র প্রদর্শনী অনুষ্ঠিত হয়েছে। গত ১৫ মে ২০১৭ উপাচার্য অধ্যাপক ড. আ আ ম স আরেফিন সিদ্দিক প্রধান অতিথি হিসেবে উপস্থিত থেকে এই প্রদর্শনীর উদ্বোধন করেন। এসময় চারুকলা অনুষদের ডিন অধ্যাপক নিসার হোসেন, অধ্যাপক রোকেয়া সুলতানা এবং ড. বজলুর রশিদ খান উপস্থিত ছিলেন।

গণিত সমিতি, ব্যাকবোন লিমিটেড এবং ক্যাসিও কোম্পানির মধ্যে ত্রিপাক্ষিক সমঝোতা স্মারক স্বাক্ষরিত

দেশে গণিত শিক্ষা উন্নয়নের লক্ষ্যে বাংলাদেশ গণিত সমিতি, ব্যাকবোন লিমিটেড এবং জাপানের ক্যাসিও কোম্পানির মধ্যে গত ১৪ জুন ২০১৭ একটি ত্রিপাক্ষিক সমঝোতা স্মারক স্বাক্ষরিত হয়েছে। বাংলাদেশ গণিত সমিতির সভাপতি অধ্যাপক ড. সাজেদা বানু, ব্যাকবোন লিমিটেড-এর সিইও আবদুল মতিন শেখ এবং ক্যাসিও'র প্রতিনিধি কাইতো মিউওয়া নিজ নিজ প্রতিষ্ঠানের পক্ষে এই চুক্তিতে স্বাক্ষর করেন।

কোষাধ্যক্ষ অফিসে আয়োজিত এই সমঝোতা স্মারক অনুষ্ঠানে ঢাকা বিশ্ববিদ্যালয়ের কোষাধ্যক্ষ অধ্যাপক ড. মো: কামাল উদ্দীন, গণিত বিভাগের চেয়ারম্যান অধ্যাপক ড. অমূল্য চন্দ্র মণ্ডল, গণিত সমিতির সম্পাদক অধ্যাপক ড. মো: শহীদুল ইসলামসহ কয়েকজন শিক্ষক উপস্থিত ছিলেন।

এই সমঝোতা স্মারকের আওতায় বাংলাদেশের স্কুল ও কলেজ পর্যায়ের গণিত শিক্ষার উন্নয়নে যৌথ সহযোগিতামূলক প্রকল্প গ্রহণ করা হবে। জাপানের ক্যাসিও কোম্পানির আর্থিক সহযোগিতায় এই প্রকল্প পরিচালিত হবে। বাংলাদেশের সকল জেলার স্কুল ও কলেজের গণিত শিক্ষকদের দক্ষতা বৃদ্ধির লক্ষ্যে গণিত সমিতি, ব্যাকবোন লিমিটেড এবং জাপানের ক্যাসিও কোম্পানি একযোগে কাজ করবে। তারা গণিত বিষয়ক কর্মশালা, প্রশিক্ষণ কর্মসূচি ও সম্মেলনের আয়োজন করবে। ঢাকা বিশ্ববিদ্যালয় গণিত বিভাগ এবং বাংলাদেশ গণিত সমিতি এ ক্ষেত্রে সার্বিক সহযোগিতা প্রদান করবে। ২০২০ সাল পর্যন্ত এই কর্মসূচি চলবে।

সম্পাদক: মাহমুদ আলম, উপ-পরিচালক (জনসংযোগ), প্রধান প্রতিবেদক: মোঃ রফিকুল ইসলাম পান্না, প্রতিবেদক: তাওহিদা খানম ও মো: আবু বকর সিদ্দিক, সম্পাদনা সহকারী: নুরুন্নাহার বেগম এবং মোঃ নজরুল ইসলাম
ফটো সাংবাদিক: আনোয়ার মজুমদার, মোঃ জাকির হোসেন ও শুভাশীষ রঞ্জন সরকার। জনসংযোগ দফতর কর্তৃক প্রকাশিত এবং গ্র্যাফোসম্যান রিপ্রোডাকশন এন্ড প্রিন্টিং লি., ঢাকা কর্তৃক মুদ্রিত। ফোন: ৯৬৬১৯০০-৫৯/৪১০২, ০১৭৫৮৪৯২৪১৫

ঢাকা বিশ্ববিদ্যালয় বার্তা

৩১ বর্ষ ১২ ও ১৩তম সংখ্যা | ওয়েব সাইট : http://www.du.ac.bd (DU Barta) | ৩১ আষাঢ় ১৪২৪, ১৫ জুলাই ২০১৭

বাংলাদেশের রাষ্ট্রপতি এবং বিশ্ববিদ্যালয়ের চ্যান্সেলর মো: আবদুল হামিদ গত ৪ জুলাই ২০১৭ নবাব নওয়াব আলী চৌধুরী সিনেট ভবনে আয়োজিত ঢাকা বিশ্ববিদ্যালয়ের বিশেষ সমাবর্তন অনুষ্ঠানে আন্তর্জাতিক আণবিক শক্তি সংস্থা (আইএইএ)-এর মহাপরিচালক ইউকিয়া আমানোকে ডক্টর অব লজ ডিগ্রি প্রদান করেন। এসময় ঢাকা বিশ্ববিদ্যালয়ের উপাচার্য অধ্যাপক ড. আ আ ম স আরেফিন সিদ্দিক উপস্থিত ছিলেন।

বিশেষ সমাবর্তনে আইএইএ'র মহাপরিচালককে ডক্টর অব লজ ডিগ্রি প্রদান

বাংলাদেশ এখন উন্নয়নের মহাসড়কে-রাষ্ট্রপতি

বর্ণাঢ্য অনুষ্ঠানমালার মধ্য দিয়ে গত ৪ জুলাই ২০১৭ ঢাকা বিশ্ববিদ্যালয়ের বিশেষ সমাবর্তন অনুষ্ঠিত হয়েছে। নবাব নওয়াব আলী চৌধুরী সিনেট ভবনে আয়োজিত এই সমাবর্তন অনুষ্ঠানে আন্তর্জাতিক আণবিক শক্তি সংস্থা (আইএইএ)-এর মহাপরিচালক ইউকিয়া আমানোকে ডক্টর অব লজ ডিগ্রি প্রদান করা হয়।

বাংলাদেশের রাষ্ট্রপতি ও ঢাকা বিশ্ববিদ্যালয়ের চ্যান্সেলর মো: আবদুল হামিদ সমাবর্তন অনুষ্ঠানে সভাপতিত্ব করেন। আন্তর্জাতিক আণবিক শক্তি সংস্থার মহাপরিচালক ইউকিয়া আমানো অনুষ্ঠানে সমাবর্তন বক্তা হিসাবে বক্তব্য রাখেন। ঢাকা বিশ্ববিদ্যালয়ের উপাচার্য অধ্যাপক ড. আ আ ম স আরেফিন সিদ্দিক সাইটেশন পাঠ ও ভাষণ প্রদান করেন। প্রো-উপাচার্য (শিক্ষা) অধ্যাপক ড. নাসরীন আহমাদ ধন্যবাদ জ্ঞাপন করেন। এসময় প্রো-উপাচার্য (প্রশাসন) অধ্যাপক ড. মো: আখতারুজ্জামানসহ মন্ত্রী পরিষদের সদস্য, সংসদ সদস্য, বিভিন্ন কূটনৈতিক মিশনের প্রধান, বিশ্ববিদ্যালয়ের বিভিন্ন অনুষদের ডিন, সিনেট-সিন্ডিকেট সদস্য ও একাডেমিক পরিষদের সদস্যগণ উপস্থিত ছিলেন।

রাষ্ট্রপতি মোঃ আবদুল হামিদ তাঁর ভাষণে বলেন, বাংলাদেশ এখন উন্নয়নের মহাসড়কে। কৃষি প্রধান দেশ হলেও শিল্পায়ন ও আন্তর্জাতিক বাণিজ্যেও বাংলাদেশ এগিয়ে যাচ্ছে। মানুষের জীবনমানের উন্নয়ন ও শিল্পায়নের ক্রমবিকাশের ফলে বিদ্যুৎ ও জ্বালানির চাহিদা পাল্লা দিয়ে বাড়ছে। এই চাহিদা পূরণের জন্য তেল, গ্যাসসহ জ্বালানি উৎসসমূহ ক্রমশ সীমিত হয়ে আসছে। এ অবস্থায় পরমাণু শক্তির শান্তিপূর্ণ ব্যবহার জ্বালানির বর্ধিত চাহিদা পূরণে কার্যকর ভূমিকা রাখতে পারে। পরমাণু শক্তিকে কাজে লাগাতে ইতোমধ্যেই বাংলাদেশে রূপপুর পারমাণবিক বিদ্যুৎ কেন্দ্র নির্মাণ প্রকল্প বাস্তবায়নের কাজ শুরু হয়েছে। এই প্রকল্পের সফল বাস্তবায়ন এবং পরমাণু শক্তির শান্তিপূর্ণ ব্যবহার নিশ্চিত করতে আন্তর্জাতিক পরমাণু শক্তি সংস্থার সহযোগিতা প্রয়োজন। এক্ষেত্রে কারিগরি সহযোগিতা প্রদানের বিষয়টি আন্তর্জাতিক আণবিক শক্তি সংস্থার মহাপরিচালক গুরুত্ব সহকারে বিবেচনা করবেন বলে তিনি আশা প্রকাশ করেন। উচ্চশিক্ষার পাদপীঠ হিসাবে জাতির আশা-আকাঙ্খা পূরণে ঢাকা বিশ্ববিদ্যালয় নিরবিচ্ছিন্নভাবে কাজ করে যাচ্ছে উল্লেখ করে তিনি বলেন, আধুনিক প্রযুক্তির সঙ্গে তাল মিলিয়ে বিশ্ববিদ্যালয়গুলোকে জ্ঞান বিস্তারে * ২য় পৃষ্ঠায় দেখুন

ঢাবি থেকে ৪৭জনের পিএইচ ডি এবং ৪৬জনের এম ফিল ডিগ্রী লাভ

গত ৩১ মে ২০১৭ ঢাকা বিশ্ববিদ্যালয়ের উপাচার্য অধ্যাপক ড. আ আ ম স আরেফিন সিদ্দিকের সভাপতিত্বে অনুষ্ঠিত সিন্ডিকেটের সভায় ৪৭জন গবেষককে পিএইচ.ডি. এবং ৪৬জন গবেষককে এম.ফিল. ডিগ্রী প্রদান করা হয়েছে।

পিএইচ ডি ডিগ্রীপ্রাপ্তরা হচ্ছেন: কলা অনুষদের অন্তর্গত বাংলা বিভাগের অধীনে শিল্পী খানম, অরূপ কুমার বড়ুয়া, মো: সাইদুর রহমান; আরবী বিভাগের অধীনে মোহাম্মদ আরিফুর রহমান, মোহাম্মদ জহিরুল ইসলাম; ইতিহাস বিভাগের অধীনে মো: সরোয়ার হোসেন; ইসলামিক স্টাডিজ বিভাগের অধীনে মো: আশরাফুল হক মিয়া; শিউলি বেগম ও মুহাঃ আনিসুর রহমান, মোহাম্মদ রেজাউল হোসাইন; দর্শন বিভাগের অধীনে মো: আনিসুজ্জামান; বিকাশ চক্রবর্তী; পালি এন্ড বুদ্ধিস্ট স্টাডিজ বিভাগের অধীনে নীরু বড়ুয়া; তথ্যবিজ্ঞান ও গ্রন্থাগার ব্যবস্থাপনা বিভাগের অধীনে জয়ন্তী রানী বসাক; বিজ্ঞান অনুষদের অন্তর্গত রসায়ন বিভাগের অধীনে শায়লা আলম, হেমশঙ্কর সাহা রায়, আবিদা সুলতানা, গৌরাঙ্গ চন্দ্র দাস; পরিসংখ্যান বিভাগের অধীনে * ৩য় পৃষ্ঠায় দেখুন

"হৃদয়ে ঝরে যাক যত আছে দ্বন্দ্ব, প্রাণে প্রাণে নিয়ে যাও ঈদ আনন্দ" প্রতিপাদ্য নিয়ে পবিত্র ঈদুল ফিতর উপলক্ষে বাংলাদেশ সাইকেল লেন বাস্তবায়ন পরিষদ গত ১৮ জুন ২০১৭ ঢাকা বিশ্ববিদ্যালয়ের ছাত্র-শিক্ষক কেন্দ্র প্রাঙ্গণ থেকে 'বাংলাদেশ ঈদ আনন্দ শোভাযাত্রা-২০১৭' বের করে। শোভাযাত্রায় নেতৃত্ব দেন উপাচার্য অধ্যাপক ড. আ আ ম স আরেফিন সিদ্দিক। এসময় পরিষদের সভাপতি আমিনুল ইসলাম টুল্লুস উপস্থিত ছিলেন।

ঢাকা বিশ্ববিদ্যালয় দিবস উদ্‌যাপিত

ঢাকা বিশ্ববিদ্যালয় সর্বদা সময়ের চাহিদা পূরণ করেছে-উপাচার্য

উৎসবমুখর পরিবেশে গত ১ জুলাই ২০১৭ ঢাকা বিশ্ববিদ্যালয় দিবস উদ্‌যাপন করা হয়েছে। এ বছর দিবসটির প্রতিপাদ্য হচ্ছে "উদ্ভাবন ও উন্নয়নে উচ্চশিক্ষা"। ঢাকা বিশ্ববিদ্যালয় প্রতিষ্ঠার ৯৬ বছর পূর্তি উপলক্ষে বিশ্ববিদ্যালয় ক্যাম্পাসে দিনব্যাপী কর্মসূচী গ্রহণ করা হয়। ক্যাম্পাসকে সাজানো হয় মনোরম সাজে। বিশ্ববিদ্যালয়ের বিভিন্ন ভবন ও হল আলোকসজ্জায় সজ্জিত করা হয়। বিশ্ববিদ্যালয় দিবসের বর্ণাঢ্য কর্মসূচীর মধ্যে ছিল পতাকা উত্তোলন, পায়রা উড়ানো, কেক কাটা, উদ্বোধনী সংগীত, শোভাযাত্রা, গবেষণা ও আবিষ্কার বিষয়ক প্রদর্শনী প্রভৃতি।

অধ্যাপক ড. আ আ ম স আরেফিন সিদ্দিক দিনব্যাপী কর্মসূচীর উদ্বোধন করেন। এর আগে সকাল ১০টায় শিক্ষক-শিক্ষার্থী ও কর্মকর্তা-কর্মচারীরা শোভাযাত্রাসহ প্রশাসনিক ভবন সংলগ্ন মলে জমায়েত হন। উদ্বোধনী অনুষ্ঠানের পর ক্যাম্পাসে বর্ণাঢ্য র‍্যালি বের করা হয়। ঢাকা বিশ্ববিদ্যালয়ের উপাচার্য অধ্যাপক ড. আ আ ম স আরেফিন সিদ্দিক র‍্যালির নেতৃত্ব দেন। বিশ্ববিদ্যালয়ের প্রো-উপাচার্য (শিক্ষা) অধ্যাপক ড. নাসরীন আহমাদ, প্রো-উপাচার্য (প্রশাসন) অধ্যাপক ড. মো. আখতারুজ্জামানসহ শিক্ষক, সিনেট-সিন্ডিকেট সদস্য, কর্মকর্তা, কর্মচারী ও ছাত্র-ছাত্রীরা র‍্যালিতে অংশগ্রহণ

উপাচার্য অধ্যাপক ড. আ আ ম স আরেফিন সিদ্দিক প্রধান অতিথি হিসাবে উপস্থিত থেকে গত ১ জুলাই ২০১৭ প্রশাসনিক ভবন সংলগ্ন চত্বরে বেলুন উড়িয়ে ঢাকা বিশ্ববিদ্যালয় দিবসের কর্মসূচী উদ্বোধন করেন। উদ্বোধনী অনুষ্ঠানে বিশ্ববিদ্যালয়ের প্রো-উপাচার্য (শিক্ষা) অধ্যাপক ড. নাসরীন আহমাদ এবং প্রো-উপাচার্য (প্রশাসন) অধ্যাপক ড. মো. আখতারুজ্জামান বিশেষ অতিথি হিসাবে উপস্থিত ছিলেন।

সকাল সোয়া ১০টায় প্রশাসনিক ভবন সংলগ্ন চত্বরে জাতীয় পতাকা, ঢাকা বিশ্ববিদ্যালয় ও হলসমূহের পতাকা উত্তোলন এবং উদ্বোধনী সংগীতের মধ্য দিয়ে দিবসটির কর্মসূচী শুরু হয়। বিশ্ববিদ্যালয়ের উপাচার্য অধ্যাপক ড. আ আ ম স আরেফিন সিদ্দিক দিনব্যাপী কর্মসূচীর উদ্বোধন করেন। এর আগে সকাল ১০টায় শিক্ষক-শিক্ষার্থী ও কর্মকর্তা-কর্মচারীরা শোভাযাত্রাসহ প্রশাসনিক ভবন সংলগ্ন মলে জমায়েত হন। উদ্বোধনী অনুষ্ঠানের পর ক্যাম্পাসে বর্ণাঢ্য র‍্যালি বের করা হয়। ঢাকা বিশ্ববিদ্যালয়ের উপাচার্য অধ্যাপক ড. আ আ ম স আরেফিন সিদ্দিক র‍্যালির নেতৃত্ব দেন। বিশ্ববিদ্যালয়ের প্রো-উপাচার্য (শিক্ষা) অধ্যাপক ড. নাসরীন আহমাদ, প্রো-উপাচার্য (প্রশাসন) অধ্যাপক ড. মো. আখতারুজ্জামানসহ শিক্ষক, সিনেট-সিন্ডিকেট সদস্য, কর্মকর্তা, কর্মচারী ও ছাত্র-ছাত্রীরা র‍্যালিতে অংশগ্রহণ করেন। র‍্যালিটি টিএসসি মোড়, কেন্দ্রীয় লাইব্রেরি হয়ে অপরাজেয় বাংলার পাদদেশে গিয়ে শেষ হয়।

উপাচার্য অধ্যাপক ড. আ আ ম স আরেফিন সিদ্দিক সবাইকে প্রতিষ্ঠাবার্ষিকীর শুভেচ্ছা * ২য় পৃষ্ঠায় দেখুন

সিনেটের বার্ষিক অধিবেশন অনুষ্ঠিত

বাংলা ভাষায় উচ্চশিক্ষা গ্রহণ করতে হবে- উপাচার্য

ঢাকা বিশ্ববিদ্যালয় সিনেটের চেয়ারম্যান ও বিশ্ববিদ্যালয়ের উপাচার্য অধ্যাপক ড. আ আ ম স আরেফিন সিদ্দিক বাংলা ভাষায় উচ্চশিক্ষা গ্রহণের ওপর গুরুত্বারোপ করেছেন। গত ১৭ জুন ২০১৭ নবাব নওয়াব আলী চৌধুরী সিনেট ভবনে ঢাকা বিশ্ববিদ্যালয় সিনেটের বার্ষিক অধিবেশনে সভাপতির অভিভাষণে তিনি এই গুরুত্বারোপ করেন।

অধিবেশনে প্রো-উপাচার্য (শিক্ষা) অধ্যাপক ড. নাসরীন আহমাদ, প্রো-উপাচার্য (প্রশাসন) অধ্যাপক ড. মো: আখতারুজ্জামান, কোষাধ্যক্ষ অধ্যাপক ড. মো: কামাল উদ্দীনসহ সিনেট সদস্যগণ উপস্থিত ছিলেন।

উপাচার্য অধ্যাপক ড. আ আ ম স আরেফিন সিদ্দিক তার অভিভাষণে বলেন, বিশ্বের বহু জাতি নিজেদের মাতৃভাষায় উচ্চশিক্ষা গ্রহণ করছেন। নোবেল পুরস্কারে তারাই ভূষিত হচ্ছেন। কিন্তু আমাদের শিক্ষক সমাজ মাতৃভাষায় জ্ঞান পরিবেশনে কুণ্ঠাবোধ করেন। অনেকে পরিভাষার ধুয়া তুলে দায় এড়িয়ে যান। অথচ বিজ্ঞানের শিক্ষকরাই নিজ নিজ বিষয়ে উপযুক্ত পরিভাষা তৈরী করতে পারেন। এ প্রসঙ্গে তিনি বিজ্ঞানী সত্যেন বোসের উক্তি উদ্ধৃত করে বলেন, 'বাংলাভাষার মাধ্যমে যারা বিজ্ঞান চর্চায় ভয় পান, তারা হয় বিজ্ঞান বোঝেন না অথবা বাংলাভাষা জানেন না।' তিনি প্রাথমিক পর্যায় থেকে বিজ্ঞান শিক্ষার আধুনিকায়নের ওপর গুরুত্বারোপ করেন। উপাচার্য বলেন, বিশ্ববিদ্যালয় কোন অবস্থাতেই বাণিজ্য কেন্দ্র নয়। দক্ষ মানব সম্পদ তৈরী উচ্চশিক্ষার মূল লক্ষ্য। যেকোন সমস্যা সমাধানে বিশ্ববিদ্যালয় শিক্ষার্থীদের সক্ষমতা অর্জন করতে হবে। উচ্চশিক্ষার গুণগত মান নিশ্চিত করার ওপর গুরুত্বারোপ করে তিনি বলেন, বিশ্ববিদ্যালয় থেকে অদক্ষ পেশাজীবী বের হলে শুধু সমাজ নয়, জনজীবনে দুর্ভোগ নেমে আসবে। এতে ক্ষতিগ্রস্ত হবে নতুন প্রজন্ম। উচ্চশিক্ষা ক্ষেত্রে অধিক সংখ্যক ছাত্র-ছাত্রী ভর্তির প্রলোভন থেকে বিরত থাকতে হবে। সর্বোচ্চ সিজিপিএ অর্জনকেই একমাত্র আরাধ্য ভাবা রীতিমত কুসংস্কার বলে তিনি মন্তব্য করেন। ১৯৭৪ সালের ২৫ সেপ্টেম্বর জাতিসংঘের সাধারণ পরিষদে এবং ১৯৭২ সালের ৭ ফেব্রুয়ারি কলকাতার ব্রিগেড প্যারেড গ্রাউন্ডে প্রদত্ত জাতির জনক বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের ভাষণের কিছু অংশ উল্লেখ করে উপাচার্য বলেন, জাতির জনকের বক্তব্য থেকে শিক্ষা নিয়ে মুক্তিযুদ্ধের চেতনাসমৃদ্ধ বাংলাদেশ গড়ে তুলতে হবে। ঢাকা বিশ্ববিদ্যালয়ের উন্নয়নে * ২য় পৃষ্ঠায় দেখুন

গত ১৮ জুন ২০১৭ ঢাকা বিশ্ববিদ্যালয় ইসলামের ইতিহাস ও সংস্কৃতি বিভাগের সংস্কারকৃত শ্রেণিকক্ষ এবং মমতাজুর রহমান স্মৃতি জাদুঘর উদ্বোধন করেন বিশ্ববিদ্যালয়ের উপাচার্য অধ্যাপক ড. আ আ ম স আরেফিন সিদ্দিক। এসময় কলা অনুষদের ডিন অধ্যাপক ড. আবু মো. দেলোয়ার হোসেনসহ বিভাগের শিক্ষকবৃন্দ উপস্থিত ছিলেন। বিভাগেরই প্রাক্তন ছাত্র প্রতীক গ্রুপের চেয়ারম্যান এস এম ফারুকী হাসান-এর অর্থায়নে এই সংস্কার ও আধুনিকায়নের কাজ সম্পন্ন করা হয়েছে।

শহিদুল হক মামার মৃত্যুতে উপাচার্যের শোক প্রকাশ

ঢাকা বিশ্ববিদ্যালয়ের প্রাক্তন ছাত্র, ১৯৭১ এর মুক্তিযুদ্ধের গেরিলা কমান্ডার, বীর মুক্তিযোদ্ধা ও বিশিষ্ট সমাজকর্মী শহিদুল হক মামা-এর মৃত্যুতে উপাচার্য অধ্যাপক ড. আ আ ম স আরেফিন সিদ্দিক গভীর শোক প্রকাশ করেছেন।

গত ১ জুলাই ২০১৭ এক শোকবাণীতে উপাচার্য অধ্যাপক ড. আ আ ম স আরেফিন সিদ্দিক বলেন, শহিদুল হক মামা ১৯৭১ এর মুক্তিযুদ্ধে গেরিলা কমান্ডার হিসেবে তাঁর অবদানের জন্য বাঙালী জাতির কাছে চিরস্মরণীয় হয়ে থাকবেন। মানবতাবিরোধী অপরাধের বিচার কার্যক্রমে সাক্ষী হিসেবে তাঁর গুরুত্বপূর্ণ অবদান রয়েছে।

উপাচার্য মরহুমের রূহের মাগফেরাত কামনা করেন এবং তাঁর পরিবারের শোক-সন্তপ্ত সদস্যদের প্রতি গভীর সমবেদনা জ্ঞাপন করেন।

শহিদুল হক মামা পুরান ঢাকায় জন্মগ্রহণ করেন। তিনি ১৯৭২-৭৬ সাল পর্যন্ত ঢাকা বিশ্ববিদ্যালয় ইতিহাস বিভাগের ছাত্র ছিলেন।

উল্লেখ্য, শহিদুল হক মামা গত ৩০ জুন ২০১৭ বিদেশে চিকিৎসাধীন অবস্থায় একটি হাসপাতালে ইন্তেকাল করেন। তার বয়স হয়েছিল ৬৫ বছর।

ড. করুণাময় গোস্বামীর মৃত্যুতে উপাচার্যের শোক প্রকাশ



ঢাকা বিশ্ববিদ্যালয়ের প্রাক্তন ছাত্র, বিশিষ্ট নজরুল বিশেষজ্ঞ অধ্যাপক ড. করুণাময় গোস্বামী-এর মৃত্যুতে বিশ্ববিদ্যালয়ের উপাচার্য অধ্যাপক ড. আ আ ম স আর